

কমেছে পাসের হার, জিপিএ ৫

একজনও পাস করেনি পাঁচ কলেজে

বরিশাল অফিস > বরিশাল বোর্ড অ্যাড কলেজ থেকে দুই
বরিশাল শিক্ষা বোর্ড এবং গলাচিপা
এইচএসসি, পরীক্ষার উপজেলার পানপড়ি
ফলাফলে এবার পাসের হারের কলেজ থেকে দুই অংশ নিয়ে সবটাই পাস
পাশাপাশি কমেছে জিপিএ ৫-এর করেছে।

সংখ্যা। এবার পাসের হার ৭০.০৬ ভাগ, যা গত বছরের তুলনায় ১.৭৩ ভাগ কম। আর জিপিএ ৫ পেয়েছে এক হাজার ৩১৯ জন। এখানেও গত বছরের চেয়ে কম ৯০৬ জন। তবে বরাবরের মতো পাসের হারে এবারও এগিয়ে ছাত্রীরা। সেরা প্রতিষ্ঠানের তালিকা প্রকাশিত না হলেও যেমিত পরিসংখ্যান অনুযায়ী বরিশাল ক্যাডেট কলেজ যথারীতি এগিয়ে রয়েছে।

শিক্ষা বোর্ড থেকে পাওয়া তথ্যানুযায়ী এ বছর এ বোর্ডে ৩০০ কলেজ থেকে ৫৫ হাজার ৮০৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ছাত্র ২৮ হাজার ৩০৫ এবং ছাত্রীর সংখ্যা ২৭ হাজার ৪৯৯ জন। পাস করেছে ৩৯ হাজার ৯৭ জন। এর মধ্যে ছাত্রীদের পাসের হার ৭৩.১৬ এবং ছাত্রদের ৬৭.০৫। পাসের হারে ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীরা এগিয়ে রয়েছে। এ বিভাগে পাস করেছে ৭৭.২৪ শতাংশ। অন্যদিকে বিজ্ঞান বিভাগে পাস করেছে ৭৫.৪৬ ও মানবিক ৬৪.২৭ শতাংশ।

অন্যবাবের মতো এবার সেরা ১০ শিক্ষাপ্রতিষ্ঠানের নাম ঘোষণা না করা হলেও শতভাগ পাস পাঁচটি কলেজের কথা উল্লেখ করা হয়েছে ফল প্রকাশের সময় সংবাদ সম্মেলনে। এর মধ্যে বরিশাল ক্যাডেট কলেজ থেকে ৫৩, নাজিরপুর উপজেলার শহীদ জননী মহিলা মহাবিদ্যালয় থেকে ৪৪, সেরদুল হাই স্কুল অ্যাড কলেজ থেকে ৯, বরিশাল নগরীর জগদীশ সারস্বত গার্লস স্কুল